**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 30-01-2025 Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সংসদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। # শনিবার পেশ করা হবে ২০২৫-২৬ আর্থিক বছরের বাজেট।

২/ রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভার বাজেট অধিবেশন শুরুর জন্য অধ্যক্ষ তাঁকে চিঠি দিয়ে আমন্ত্রণ জানাবেন।

৩/ সুন্দরবনের বাসিন্দাদের ভাঙ্গন এবং জমির লবণাক্ততা সমস্যা থেকে মুক্তি দিতে রাজ্য সরকার, বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় চার হাজার কোটি টাকা মূল্যের একটি প্রকল্প হাতে নিতে চলেছে।

৪/ উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভে পদপিষ্ট হয়ে গলফগ্রীণের বাসিন্দার মরদেহ কলকাতায় এসে পৌছেছে। # পশ্চিম মেদিনীপুরের মৃত বৃদ্ধার মরদেহ আসছে রাত্রে।

# আরো তিনজন নিখোঁজ বলে জানা গেছে।

৫/ মেদিনীপুর মেডিকেল কলেজে নিম্নমানের স্যালাইন কান্ডের পর যে বিকল্প সংস্থাকে সরবরাহের বরাত দেওয়া হয়েছিল, গুণমান খারাপ হওয়ার সরকার তাদের'ও টেন্ডার বাতিল করেছে।

৬/ সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ 'জাতির জনক' মহত্মা গান্ধীর ৭৭তম প্রয়াণবার্ষিকী নানান কর্মসূচীর মধ্য দিয়ে পালিত হচ্ছে।

৭/ ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ লিগ পর্বের শেষ ম্যাচে আজ প্রথম দিনের শেষে বাংলা পাঞ্জাবের থেকে ৭২ রানে পিছিয়ে আছে।

*************************************************************************

সংসদের বাজেট অধিবেশনের কাজকর্ম সুষ্ঠুভাবে চালানোর জন্য সরকার, সব রাজনৈতিক দলের কাছে সহযোগিতার আবেদন জানিয়েছে। এই বাজেট অধিবেশনের প্রাক্কালে সংসদভবন চত্বরে আজ এক সর্বদলীয় বৈঠক বসে।

বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী **কিরেণ রিজিজু** সাংবাদিকদের বলেন,

( বাইট- কিরেণ রিজিজু)

প্রথম দিনেই সংসদের উভয় সভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। তার পরেই পেশ করা হবে অর্থনৈতিক সমীক্ষা।

**শনিবার** পয়লা ফেব্রুয়ারী অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ২০২৫-২৬ আর্থিক বছরের বাজেট পেশ করবেন। লোকসভা এবং রাজ্যসভায় রাষ্ট্রপতির অভিভাষনের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনা হবে **সোমবার**। তারপর শুরু হবে বাজেটের ওপর আলোচনা।

বাজেট অধিবেশনের প্রথম পর্ব **১৩** ই ফেব্রুয়ারি পর্যন্ত এই আলোচনা চলবে।

আজকের বাজেট অধিবেশনে উপস্থিত ছিলেন, প্রতিরক্ষা মন্ত্রী লোকসভার নেতা রাজনাথ সিং, স্বাস্থ্যমন্ত্রী ও রাজ্যসভার নেতা জে পি নাড্ডা, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু, কংগ্রেসের জয়রাম রমেশ ও গৌরব গগৈ, তৃণমূল কংগ্রেস সাংসদ সুদীপ বন্দোপাধ্যায় প্রমুখ।

**********************

সমাজের সর্বস্তরের মানুষ হরেক প্রত্যাশা নিয়ে তাকিয়ে থাকেন কেন্দ্রীয় বাজেটের দিকে। চাকুরীজীবীরা  চান আয়কর ছাড়, ব্যবসায়ীদের প্রত্যাশা কর ও সুলকে ছাড় সহ নতুন নানা সুযোগ। আবার বৃত্ত জীবি সর্বস্তরের মানুষের ই প্রত্যাশা বাজেটে জিনিসপত্রের দাম কমিয়ে তাদের জীবন যাপনে শুরাহা করতে কোন উল্লেখযোগ্য পদক্ষেপ করা হবে। আমাদের প্রতিনিধিরা সেরকমই সমাজের বিভিন্ন স্তরের  মানুষের সঙ্গে কথা বলে বাজেট সম্পর্কে তাদের প্রত্যাশার কথা শুনেছেন।

Bytes

***********************

রাজ্যপালের অভিভাষনের মধ্যে দিয়ে বাজেট অধিবেশন শুরু করার জন্যে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়  সি ভি আনন্দ বোসকে চিঠি দিয়ে আমন্ত্রন জানাবেন বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গেছে। রাজ্যপাল অধিবেশনে তার অভিভাষন পেশ করলে,  তার উপরে আলোচনা হবে।

পাশাপাশি বাজেট অধিবেশন নিয়ে সর্বদলীয় বৈঠকে অংশ নেওয়ার জন্যে অধ্যক্ষ ইতিমধ্যেই বিরোধী বিজেপি ও আই এস এফ-কে আমন্ত্রন জানিয়েছেন।

উল্লেখ্য, আগামী দশই ফেব্রুয়ারি থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হতে চলেছে।

***********************

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের শুরুতেই তৃণমূল পরিষদীয় দল বৈঠকে বসতে চলেছে। দলীয় সূত্রে জানা গিয়েছে আগামী দশই ফেব্রুয়ারি, দলনেত্রী  মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিধানসভায় নৌসর আলি কক্ষে সব বিধায়কদের নিয়ে  বৈঠক করবেন।

সূত্রের খবর, সঠিক সময়ে উপস্থিতি  সহ দলের শৃঙ্খলা রক্ষায় সবাইকে নিয়ম মেনে চলতে হবে বলে মুখ্যমন্ত্রী বৈঠকে নির্দেশ দিতে পারেন। পাশাপাশি দলে গোষ্ঠীদ্বন্দ্ব যে কোনভাবেই মেনে নেওয়া হবে না সেই বিষয়েও তিনি সবাইকে আরও একবার সতর্ক করে  দিতে পারেন বলে মনে করা হচ্ছে।  আগামী মাসেও কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে দলের বর্ধিত সাধারণ সভা বসার কথা।

***********************

সুন্দরবনের বাসিন্দাদের ভাঙ্গন এবং জমির লবণাক্ততা সমস্যা থেকে মুক্তি দিতে রাজ্য সরকার,  বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় চার হাজার কোটি টাকার বেশি মূল্যের একটি প্রকল্প  হাতে নিতে চলেছে। প্রাথমিক পর্যায়ে ভাঙ্গন প্রবণ ৩৯ টি  দ্বীপে এই প্রকল্পের রূপায়ণ করা হবে।

সম্প্রতি রাজ্যের সেচ ও জলপথ মন্ত্রী মানস ভুঁইয়া গোসাবায় নেদারল্যান্ডস এর একটি বিশেষজ্ঞ দল এবং বিশ্ব ব্যাংকের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। রাজ্য সরকারের নটি সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিরাও বৈঠকে উপস্থিত ছিলেন।

প্রথম পর্যায়ে নামখানা, মৌসুনি, সাগর, গোসাবা, পাথরপ্রতিমা, চুনাখালি, ঝড়খালি, সোনাখালি, বাসন্তী, কুমিরমারী, মইপীঠ, দেউলবাড়ি, দেবীপুর, ঘোড়ামারা, হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ, বালি, সাতজেলিয়া, ছোটমোল্লাখালি সহ ৩৯ টি যে দীপাঞ্চল গুলিতে এই প্রকল্প রূপায়িত হবে।

মানস বাবু আরও জানিয়েছেন, এই প্রকল্পের জন্য মোট ৪১ কোটি টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে যার তিরিশ শতাংশ বা ১২৩০ কোটি টাকা রাজ্য সরকার বহন করবে। বাকি টাকা ঋণ হিসেবে দেবে বিশ্ব ব্যাংক।

**********************

উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুম্ভে পদপিষ্ট হয়ে মৃত পশ্চিম মেদিনীপুরের শালবনীর গোদাপিয়াশালের বাসিন্দা উর্মিলা ভুঁইঞার মরদেহ আজ রাতে বাড়িতে নিয়ে আসা হচ্ছে। ৭৮ বছরের ওই বৃদ্ধার অন্ত্যেষ্টি আগামীকাল হবে বলে জানা গেছে।

অন্যদিকে, কলকাতার গল্ফগ্রীনের অশ্বিনীনগরের বাসিন্দা বাসন্তী পোদ্দারের মরদেহ আজ সন্ধ্যায় কলকাতায় এসে পৌঁছেছে। M R বাঙ্গুর হাসপাতালে তাঁর দেহ পরীক্ষা নিরীক্ষার পর পাঠানো হয়েছে ময়না তদন্তে। গতকাল কুম্ভমেলায় স্নান করতে গিয়ে হুড়োহুড়ির মধ্যে পদপিষ্ট হয়ে এই দুজন প্রাণ হারান।

রাজ্যের আরো অন্ততঃ তিনজন, কুম্ভমেলায় পুণ্যস্নানে গিয়ে নিখোঁজ বলে জানা গেছে। এদের মধ্যে আছেন মালদা শহরের কৃষ্ণপল্লী এলাকার বাসিন্দা ষাটোর্ধ্ব অনিতা ঘোষ। পারিবারিক সূত্রে জানা গেছে, সোমবার তিনি কুম্ভমেলার উদ্দেশে রওনা দেন। মঙ্গলবার পুণ্যস্নানের সময় হুড়োহুড়িতে তিনি সঙ্গীদের থেকে আলাদা হয়ে যান। পরে বাকিরা একত্রিত হলেও, অনিতা দেবীর কোনো খোঁজ মেলেনি। এই নিয়ে তাঁর পরিবারের সদস্যরা চরম দুশ্চিন্তায়। মেলা ও আশপাশের হাসপাতালে খোঁজাখুঁজি চলেছে।

এছাড়া, সিউড়ি মহকুমার দুবরাজপুর এলাকার বাসিন্দা পূরবী গোপ নামে এক প্রৌঢ়ার’ও খোঁজ মিলছে না। নিখোঁজ, কাটোয়ার এক সত্তোরোর্ধ্ব বৃদ্ধাও।

এদিকে, রাজ্য সরকার, উত্তরপ্রদেশ প্রশাসনের সঙ্গে এব্যাপারে যোগাযোগ রেখে চলেছে। দিল্লীর রেসিডেন্ট কমিশনারের কার্যালয় থেকে একটি দল প্রয়াগরাজ গেছে।

**********************

রাজ্যের বিরোধী দলগুলি মহাকুম্ভ মেলায় গতকালের ঘটনায় কেন্দ্র এবং উত্তরপ্রদেশ সরকারের সমালোচনায় সরব হয়েছে।

তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, কেন্দ্র ও উত্তর প্রদেশ সরকারের ব্যর্থতার কারণেই এই দুর্ঘটনা।

( বাইট- কুণাল )

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন, এই ঘটনায় উত্তর প্রদেশ সরকারের ব্যর্থতা স্বীকার করে নেওয়াটা তাদের দায়িত্বের মধ্যে পড়ে।

( বাইট- অধীর)

সর্বোচ্চ সতর্কতাও এই ধরণের দুর্ঘটনা রোধ করতে পারেনা বলে, বিজেপি নেতা তথাগত রায় মন্তব্য করেছেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও ঘটনায় দুঃখ প্রকাশ করে বলেন, কেন্দ্র ও উত্তর প্রদেশ সরকার হতাহতদের পরিবারের পাশে রয়েছে। এপ্রসঙ্গে তিনি পশ্চিমবঙ্গের গঙ্গাসাগর ও বিভিন্ন মেলায় দুর্ঘটনায় মৃত্যুর কথাও উল্লেখ করেন।

( বাইট- শুভেন্দু )

এদিকে, প্রয়াগরাজের মহাকুম্ভে সুষ্ঠুভাবে পুণ্যস্নান চলেছে। এপর্যন্ত ২৭ কোটি পুণ্যার্থী সেখানে অবগাহন করেছেন।

**********************

মেদিনীপুর মেডিকেল কলেজে নিম্নমানের স্যালাইন থেকে প্রসূতি মৃত্যু ও কয়েকজনের অসুস্থ হয়ে পড়ার পর সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজে যে বিকল্প সংস্থাকে স্যালাইন সরবরাহের দায়িত্ব দেওয়া হয়েছিল, তাদের বিরুদ্ধে'ও গুণমান খারাপ হওয়ার অভিযোগ মিলেছে। এর জেরে রাজ্য সরকার সেই সংস্থার স্যালাইনও বন্ধ করার নির্দেশ দিয়েছে।

সূত্রের খবর, স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা সম্প্রতি দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের ওই বিকল্প সংস্থা- ফার্মা ইম্পেক্সের কারখানাটি পরিদর্শন করে নমুনা সংগ্রহ করেন। কিন্তু সেই স্যালাইনেও ব্যাকটেরিয়ার সন্ধান মেলায় স্বাস্থ্য দপ্তর সংস্থার টেন্ডার'ও বাতিল করেছে।

***********************

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ দুপুরে উত্তর ২৪ পরগনার পানিহাটিতে আরজিকর হাসপাতালের নিহত তরুণী চিকিৎসকের বাসভবনে গিয়ে তার বাবা মায়ের সঙ্গে দেখা করেন। দীর্ঘক্ষণ তাদের সঙ্গে কথা বলেন তিনি শোনেন অভাব অভিযোগ। পরে সুকান্তবাবু সাংবাদিকদের বলেন, নির্যাতিতার পরিবারের আইনি লড়াইয়ে বিজেপি তাদের সঙ্গে আছে। চিকিৎসকের মৃত্যুর পিছনে বৃহত্তর ষড়যন্ত্র আছে বলেও দাবি করেছেন তিনি।

***********************

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ 'জাতির জনক' মহত্মা গান্ধীর ৭৭তম প্রয়াণবার্ষিকীতে নানান কর্মসূচীর মধ্য দিয়ে তাঁর স্মৃতি তর্পণ করা হচ্ছে। আজকের দিনটি পালিত হচ্ছে 'শহীদ দিবস' হিসেবে।

এই উপলক্ষ্যে মূল অনুষ্ঠানটি হয় উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরের গান্ধীঘাটে। সেখানে গান্ধী স্মারক সৌধে পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যপাল সিভি আনন্দ বোস। তিনি বলেন, গান্ধীজী আমাদের যে শিক্ষা দিয়ে গেছেন, তা চিরকালের জন্য প্রাসঙ্গিক।

***********************

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের গ্রুপ লিগ পর্বের শেষ ম্যাচে আজ প্রথম দিনের শেষে বাংলা পাঞ্জাবের থেকে ৭২ রানে পিছিয়ে আছে। বাংলা টসে জিতে পাঞ্জাবকে ব্যাট করতে পাঠায়। পাঞ্জাবের প্রথম ইনিংস ১৯১ রানে শেষ হয়।

এরপর বাংলা প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে ৪ উইকেটে ১১৯ রান করেছে।

*************************************************************